দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 AUG 1994
পৃষ্ঠা 2 কলাম 2

18

# আলীয়া মাদ্রাসায় ছাত্রদল ও শিবিরের মধ্যে সংঘর্ষ

স্টাফ রিপোর্টার ॥ লালবাগের আলীয়া মাদ্রাসায় ইসলামী ছাত্রশিবির ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে সংঘর্ষ হয়েছে। বৃহস্পতিবার রাত প্রায় এগারোটায় এই সংঘর্ষ ঘটেছে। ইসলামী ছাত্রশিবির এক মিছিল বের করে রাতে। তসলিমা নাসরিন, খালেদা জিয়ার সরকার ও জাতীয়তাবাদী ছাত্র দলের উদ্যোগে উস্কানিমূলক শ্লোগান

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## আলীয়া মাদ্রাসায়

(প্রথম পাতার পর)

প্রদান করে মিছিলকারীরা। জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা এ ঘটনার মিছিলে হামলা করে। লাঠিসোটা নিয়ে দুই দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। শুরু হয় মারপিট। এক পর্যায়ে ছাত্রদলের কর্মীরা তিন-চারজন শিবির কর্মীকে আটক করে প্রহার করে। খবর পুলিশ সূত্রের।

সূত্র জানায়, সংঘর্ষের ব্যাপকতা বিস্তৃত হলে ঘটনাস্থলে আসে লালবাগ থানা পুলিশ। লালবাগ থানা পুলিশ আসার পরও সংঘর্ষ চলে। পরে ইসলামী ছাত্রশিবির ও ছাত্রদলের নেতৃস্থানীয়রা পুলিশের সহায়তা মামলা করলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে ঘন্টাকাল পর। রাতেই ছাত্র শিবির ও ছাত্র দলের নেতারা বৈঠকে বসে। আলাপ-আলোচনায় সমঝোতা হলে ছাত্রদলের কর্মীদের হাতে আটক ছাত্রশিবির কর্মীদের ছেড়ে দেয়।